

নিবেদন

স্বর্গীয় পিতা পেশাগত ভাবে শিক্ষকতা করলেও কৃষির সঙ্গে পারিবারিক সূত্রে যোগ ছিল নিবিড় এবং সেই সুবাদে কৃষি সংস্কৃতি তথা লোকসংস্কৃতির যোগ খোঁজার তাগিদ অনেকদিনের। তখনও লোকসংস্কৃতির তত্ত্ব ও তথ্য আমার কাছে সহজবোধ্য ছিল না। লোকসংস্কৃতির বিভিন্ন বিষয়গুলি সম্পর্কে অনুসন্ধান করতে গিয়ে এবং তাত্ত্বিক বিষয়গুলি পড়তে গিয়ে ক্রমশঃ আগ্রহ বেড়ে যায়। সেই সূত্র ধরেই এরূপ গবেষণা প্রকল্পের প্রেরণা। অতঃপর কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. নির্মলেন্দু ভৌমিকের পরামর্শে এবং সদুপদেশে ‘কৃষিজীবন ও কৃষিসংস্কৃতি’ বিষয়টি নিয়ে গবেষণা কর্মে উৎসাহ পাই। অর্থাৎ ড. ভৌমিকই এবিষয়ে আমার প্রথম অনুপ্রেরণা দাতা।

গবেষণায় এবং পরিকল্পনায় প্রতিটি পদক্ষেপে বিষয়নিষ্ঠ পরামর্শ দিয়ে আমাকে দিক নির্দেশ করেছেন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ও আমার পিএইচ. ডি. সন্দর্ভের তত্ত্বাবধায়ক ড. নিখিল চন্দ্র রায় মহাশয়। আমি তাঁর কাছে চির কৃতজ্ঞ। গবেষণাপর্বে প্রয়োজনীয় উপদেশ ও পরামর্শ দিয়ে সাহায্য করেছেন বিশিষ্ট লোকসংস্কৃতি অনুসন্ধানী অধ্যাপক ড. দীপককুমার রায়। যিনি উত্তরবঙ্গের লোকসংস্কৃতির প্রাসঙ্গিক নানা সমস্যা সমাধানে এবং উৎসাহ ও সুচিন্তিত অভিমত দিয়ে এতদঞ্চলের লোকসংস্কৃতির পথ পরিক্রমায় সহায়তা করেছেন। ড. রায়ের কাছে আমি চিরঋণী।

এছাড়াও নানাভাবে সাহায্য করেছেন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. সুবোধকুমার যশ ও অধ্যাপক ড. মীর রেজাউল করিম মহাশয়, যাঁরা গবেষণাকর্ম সম্পূর্ণ করার জন্য সর্বদা সন্মুহে তাগাদা দিয়েছেন তাঁদের প্রেরণা আমার কাছে স্মরণীয় হয়ে থাকবে।

প্রসঙ্গতঃ ঋণ স্বীকার করছি তিস্তা ও তোর্ষা পারের সেই সমস্ত সাধারণ মানুষ ও লোকশিল্পীদের, যাঁদের কাছে উপেক্ষিত তো হই-নি, বরং তথ্যানুসন্ধানে ও সংগ্রহে পেয়েছি আন্তরিক আতিথেয়তা ও সহযোগিতা। সম্পূর্ণ অপরিচিত অজানা অজপাড়া গাঁয়েও কেউ বিমুখ করেননি সংগ্রহকর্মে।

আমার এই গবেষণা কর্মে প্রাতিষ্ঠানিক ভাবে সাহায্য পেয়েছি উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার, শিলিগুড়ি শক্তিগড় পাঠাগার, জলপাইগুড়ি জেলা গ্রন্থাগার, ধূপগুড়ি মিলনি পাঠাগার, রামগঞ্জ গ্রামীণ পাঠাগার, ইসলামপুর, ধূপগুড়ি ব্লক কৃষি দপ্তর, জলপাইগুড়ি জেলা কৃষি দপ্তর, মাথাভাঙ্গা -১ নং ব্লক কৃষি দপ্তর, প্রত্যেকটি প্রতিষ্ঠানের কাছে আমার কৃতজ্ঞতা রইল।

তারিখ : ০২/০৪/২০১১

রাজারামমোহনপুর

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়

সুধাংশু কুমার সরকার

(সুধাংশু কুমার সরকার)